সংবাদ

তারিখ 20 JAN 2003
পৃষ্ঠা ...৫... কলাম ...৫...

# ফোর্থ আর-এর ই-জেনারেশন স্কলারশিপ প্রাপ্ত ছাত্রছাত্রীদের নাম ঘোষিত



যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনভিত্তিক তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রতিষ্ঠান দি ফোর্থ আর ২০০২ সালের এসএসসি পরীক্ষায় এ+ প্রাপ্ত ছাত্রছাত্রীদের মধ্য থেকে বাছাইকৃত প্রথম ১০ জনকে গোল্ড স্কলার হিসেবে আইটি প্রশিক্ষণ ক্ষেত্রে আজীবন বৃত্তি দেয়ার ঘোষণা দিয়েছে। ওই বৃত্তির জন্য নির্বাচিত ১০ জন মেধাবী ছাত্রছাত্রী হচ্ছে রুখসানা শামসুল হক (ভিকারুন্নেসা নুন কলেজ), মো. রাইসুল ইসলাম, রায়হানুজ্জামান রুম্মন, মো. আহসানুর রশীদ, ফয়সাল মাহমুদ, তানবির হাসান, রেজওয়ান শাহরিয়ার সুমিত, সাদ্দাম হোসেন, তানভীর আহমেদ এবং রিফাত আল ইমন (নটরডেম কলেজ)। এছাড়া প্লাটিনাম স্কলার হিসেবে আরও ৫ জন এ+ প্রাপ্তকে আগামী ৫ বছরের জন্য তথ্য প্রযুক্তিতে বৃত্তিমূলক প্রশিক্ষণের সুযোগ দেয়া হয়েছে। তারা হলো তাসমিনা সুখী (সিটি কলেজ), এস.এম নাঈমুল ইসলাম, তৌহিদুল ইসলাম (নটরডেম কলেজ), পুয়েসা সানজানা এবং কাজী রিজওয়ানা মেহজাবিন (ভিকরুন্নেসা নুন কলেজ)। এছাড়া দি ফোর্থ আর-এ মাহবুবুর রহমান (ঢাকা কলেজ), খন্দকার বদরুল আলম, হাসান মো. মোহতারিন (নটরডেম কলেজ), তানিয়া সুলতানা এবং অগ্রিতা ব্যানার্জীকে (ভিকারুন্নেসা নুন কলেজ) সিলভার স্কলার মেম্বার হিসেবে গণ্য করে আগামী ৩ বছরের জন্য এবং তাওফিকুস সামাদ, আবদুল আল মাহমুদ (নটরেডম কলেজ) ও শাহিদা ফারহানাকে (ভিকারুন্নেসা নুন কলেজ) রেগুলার স্কলার মেম্বার হিসেবে আগামী ১ বছরের জন্য আইটি ক্ষেত্রে বৃত্তিমূলক প্রশিক্ষণের জন্য নির্বাচিত করা হয়েছে। দেশের মেধশিল্পে তথা আইটি খাতে মেধাবীদের অংশগ্রহণকে উৎসহিত করার লক্ষ্যেই সামাজিক দায়িত্ব পালনের অংশ হিসেবে ফোর্থ আর এ উদ্যোগ নিয়েছে।